বাস্তবায়ন ছাড়া সনদে সই নয়, ইসি পুনর্গঠনের দাবি নাহিদ ইসলামের



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, শুধু কাগজে লেখা কোনো প্রতিশ্রুতিতে নয়, বাস্তবায়নের নিশ্চয়তা পেলেই সনদে স্বাক্ষর করবে এনসিপি। তিনি জানান, এই সনদের বাস্তবায়ন নিশ্চিত করতে সাংবিধানিক আদেশ জারির প্রস্তাব প্রধান উপদেষ্টাকে দেওয়া হয়েছে। এ আদেশ সরকারপ্রধান হিসেবে ড. মুহাম্মদ ইউনূসকেই জারি করতে হবে, রাষ্ট্রপতির এখতিয়ার এতে নেই বলেও তিনি উল্লেখ করেন।

বুধবার (২২ অক্টোবর) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক শেষে ব্রিফিংয়ে এসব কথা জানান নাহিদ ইসলাম।

তিনি আরও বলেন, প্রস্তাবিত সনদে 'নোট অব ডিসেন্ট' কার্যকর হবে না; পুরো সনদই গণভোটের মাধ্যমে জনগণের মতামতের ভিত্তিতে অনুমোদিত হবে। এরপর নবনির্বাচিত সংসদ নতুন সংবিধান প্রণয়ন করবে। এ বিষয়ে সরকারের সিদ্ধান্তই নির্ধারণ করবে এনসিপির সনদে সইয়ের চূড়ান্ত অবস্থান।

নির্বাচন কমিশন (ইসি) প্রসঙ্গে নাহিদ ইসলাম বলেন, বর্তমান কমিশনের গঠন প্রক্রিয়া ও আচরণ কোনোটিই নিরপেক্ষ নয়। প্রতিষ্ঠানটি সাংবিধানিকভাবে দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছে। কখনও কোনো দলের পক্ষপাত করছে, আবার কোনো দলের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করছে। তিনি বলেন, "বিশ্বাসযোগ্য নির্বাচনের জন্য কমিশন পুনর্গঠন এখন সময়ের দাবি।"